# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 23 June, 2025

ঈদুল আজহায় মুক্তিপ্রাপ্ত মেগাস্টার শাকিব খান অভিনীত চলচ্চিত্র 'তাণ্ডব' এর প্রতি দর্শকদের উন্মাদনা এখন তুঙ্গে।সিনেমাটি দেশজুড়ে প্রশংসিত হলেও মুক্তির পরপরই তা পাইরেসির শিকার হয়, যা নিয়ে সরব হয়েছেন খোদ শাকিব খান।

সম্প্রতি এক সংবাদ সম্মেলনে শাকিব খান পাইরেসির বিরুদ্ধে তার কঠোর অবস্থান জানিয়ে বলেন, "পাইরেসির পরও 'তাণ্ডব'-এর চাহিদা আরও বেড়েছে।একটি মহল ভেবেছিল সিনেমাটি আর চলবে না, কিন্তু তারা ভুল প্রমাণিত হয়েছে।"

তিনি বলেন, "গুলশান থেকে গুলিস্তান–সর্বত্র দর্শকরা 'তাণ্ডব' উপভোগ করছেন।শুধু দেশেই নয়, বিদেশেও সিনেমাটি মানুষের মনে দারুণ প্রভাব ফেলছে।"

পাইরেসিকে 'বাংলা চলচ্চিত্রের শত্রু' উল্লেখ করে শাকিব বলেন, "পাইরেটেড কপিকে 'না' বলতে হবে।বাংলা সিনেমা আমাদের সবার, একে রক্ষা করাও আমাদের সম্মিলিত দায়িত্ব।"

তিনি অভিযোগ করেন, একটি কুচক্রী মহল সবসময় বাংলা সিনেমাকে ধ্বংস করতে তৎপর।"তাণ্ডবের ক্ষেত্রেও তেমন একটি মহল সক্রিয় ছিল,"– বলেন তিনি।

সংস্কৃতিকে জাতির উন্নয়নের মূল চালিকাশক্তি হিসেবে উল্লেখ করে শাকিব বলেন, "যে জাতির সংস্কৃতি যত উন্নত, সেই জাতি তত উন্নত। বাংলা সিনেমা বিশ্বমঞ্চে জায়গা করে নিচ্ছে, আর তখনই পাইরেসির মতো অপচেষ্টা আমাদের রুখতে হয়।"

শাকিব খান দর্শকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, "বাংলাদেশের সিনেমাপ্রেমী মানুষের জন্যই আজ 'তাণ্ডব' সফল।আপনাদের ভালোবাসা আমাদের বড় প্রেরণা।"

শাকিব খান,তাণ্ডব

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:12

URL: https://www.timestodaybd.com/public/entertainment/3557775807